তারিখ 10 MAR 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

আমাদেরসময়

# মেয়েকে নকল সরবরাহ না করায় শিক্ষককে পেটালেন আ.লীগ নেতা

নিজস্ব প্রতিবেদক ●
রাজধানীর ডেমরায় মেয়েকে এসএসসি পরীক্ষার সময় নকল সরবরাহ না করায় মো. শাহ আলম নামে এক শিক্ষককে পিটিয়ে আহত করার অভিযোগ পাওয়া গেছে স্থানীয় এক আওয়ামী লীগ নেতার বিরুদ্ধে। আওয়ামী লীগের ওই নেতার নাম আবুল বাশার। তিনি ডেমরা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। এ ব্যাপারে লাঞ্ছিত শিক্ষকের পক্ষ থেকে মঙ্গলবার ডেমরা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা করা হয়েছে।

জিডি সূত্রে জানা গেছে, গত সোমবার ছিল আবুল বাশারের মেয়ের রসায়ন পরীক্ষা। পরীক্ষার সময় স্কুলের বিজ্ঞান বিষয়ের শিক্ষক শাহ আলমকে নকল সরবরাহ করতে বলেন ওই আওয়ামী লীগ নেতা। স্কুলশিক্ষক এতে অসম্মতি জানালে ক্ষিপ্ত হয়ে আবুল বাশার সোমবার বিকেলেই ডেমরা কলেজের সামনে শিক্ষককে বেধড়ক পিটিয়ে জখম করেন। ঘটনা জানাজানি হওয়ার পর মঙ্গলবার এলাকার লোকজন ও অভিভাবকেরা প্রতিবাদ জানান। তারা স্কুলের সামনে মানববন্ধন করে বাশারের শাস্তিও দাবি করেন।

স্কুলের শিক্ষকরা জানান, আবুল বাশার সবসময় স্কুলে তার দলীয় প্রভাব খাটিয়ে শিক্ষকদের সঙ্গে অসদাচরণ করেন। তিনি স্কুলের ব্যবস্থাপনা কমিটির সভাপতি হওয়ায় স্কুল ফান্ডের ২১ লাখ টাকা তুলে আত্মসাৎ করেছেন বলেও অভিযোগ করেন তারা। পরে অবশ্য স্থানীয় এমপিসহ এলাকাবাসীর চাপে ১১ লাখ টাকা পরিশোধ করেন। এসব বিষয়ে জানতে আবুল বাশারের নাম্বারে একাধিকবার কল করা হলে ফোন রিসিভ করেন নাম প্রকাশে অনিচ্ছুক তার গাড়িচালক দাবিদার এক ব্যক্তি। এদিকে ডেমরা থানার ওসি এসএম কাওসারের দাবি– আবুল বাশার কয়েক দিন আগে শাহ আলম নামে ওই শিক্ষককে পরীক্ষার হলে মেয়ের দিকে খেয়াল রাখতে বলেছিলেন। খেয়াল না রাখায় শাহ আলমকে মারধর করেন বাশার।